

দুরন্ত বার্তা

মূর্তি ভাঙার তীব্র নিন্দা করে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি 'আবুটা'-র

May 15, 2019

কলকাতা, ১৫ মে : মূর্তি ভাঙার ঘটনার তীব্র নিন্দা করে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করল সারা বাংলা বিশ্ববিদ্যালয় শিক্ষক সংগঠন (আবুটা)। ঘটনার প্রতিবাদে সংগঠন রাজ্য বিশ্ববিদ্যালয়গুলির আচার্য তথা রাজ্যপাল শ্রী কেশরী নাথ ত্রিপাঠীকে চিঠি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। পাশাপাশি, এই লক্ষ্যে আবুটা রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে প্রতিবাদ আন্দোলনও সংগঠিত করবে।

আবুটা-র সাধারণ সম্পাদক গৌতম মাইতি এক বিবৃতিতে জানিয়েছেন, "গতকাল কলকাতার রাজপথে যে হিংসার উন্মত্ততা, যে সীমাহীন বর্বরতা, যে অবাধ ধংসযজ্ঞ দেখা গেল, তাতে শিক্ষক সমাজ গভীর উদ্বেগ প্রকাশ করছে। ঘৃণ্য রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করার লক্ষ্যবস্তু হয়ে উঠল এদেশের শিক্ষা ও সংস্কৃতির গৌরবময় ঐতিহ্যের প্রতীক কলেজ স্ট্রিটের কলকাতা বিশ্ববিদ্যালয় ও বিদ্যাসাগর কলেজ প্রাঙ্গণ। আরও তাৎপর্যপূর্ণ, ভোট রাজনীতির তান্ডবের বলি হল ভারতীয় নবজাগরণের অন্যতম পুরোধা ব্যক্তিত্ব এবং আধুনিক শিক্ষার প্রাণপুরুষ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মূর্তি। তাঁর জন্ম দ্বিশত বর্ষের প্রাক্কালে, তাঁরই প্রতিষ্ঠিত শিক্ষালয়ের ভেতর ঢুকে তাঁর মূর্তি ভেঙে তছনছ করে দিল ক্ষমতাসীন রাজনৈতিক দলের পোষা দুষ্কৃতির। এ কোন রাজনৈতিক সংস্কৃতি? আধুনিক শিক্ষা, উন্নতমানের শিক্ষা, শিক্ষার উৎকর্ষের ধ্বজাধারীদের এ কোন শ্রেষ্ঠত্বের পথে যাত্রা? আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি একবিংশ শতাব্দীতে দাঁড়িয়ে যাদের চিন্তায়-মননে-কর্মে এমন মধ্যযুগীয় বর্বরতা, তাদের হাতে শিক্ষা সুরক্ষিত থাকতে পারেনা। এমন হীন রাজনীতিই আজ শিক্ষা ও শিক্ষা প্রতিষ্ঠানের উৎকর্ষের পথে মূল অন্তরায়।